# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**02 APRIL 2025** **7:45—7:55 PM IST**

=====================================================

আজকের বিশেষ বিশেষ খবর হলো ------

-------------------------------------------------------------

(১) আসামে আগামী দোসরা এবং সাতই মে দুটি পর্যায়ে পঞ্চায়েত নির্বাচন/ এগারোই মে ভোটগণনা/

(২) বরাক উপত্যকায় আগামী দোসরা মে অনুষ্ঠেয় পঞ্চায়েত নির্বাচনের পরিপ্রেক্ষিতে কাছাড় ও হাইলাকান্দি জেলায় প্রশাসনের তৎপরতা শুরু/

(৩) লোকসভায় ওয়াকফ্ সংশোধনী বিল-২০২৫ বিবেচনা ও গ্রহণের জন্য উত্থাপন/

এবং

(৪) গুয়াহাটিতে আজ থেকে দ্বিতীয় খেল মহারণের রাজ্য পর্যায়ের প্রতিযোগিতা/

---------------------------------------------------------------------------------

আসামে আগামী দোসরা এবং সাতই মে দুটি পর্যায়ে পঞ্চায়েত নির্বাচন অনুষ্ঠিত হবে । আগামীকাল থেকে আগামী এগারোই এপ্রিল পর্যন্ত মনোনয়ন পত্র জমা দেওয়া যাবে । বারোই এপ্রিল মনোনয়ন পত্রগুলি পরীক্ষা করে দেখা হবে । এবং আগামী ১৭ই এপ্রিল মনোনয়ন পত্র প্রত্যাহারের অন্তিম দিন ধার্য করা হয়েছে । সেইদিনই এবারের পঞ্চায়েত নির্বাচনে প্রতিদ্বন্দিতা করা প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ করা হবে । আগামী এগারোই মে এই নির্বাচনের ভোটগণনা করা হবে । আজ গুয়াহাটিতে অনুষ্ঠিত এক সাংবাদিক সম্মেলনে রাজ্যের নির্বাচন কমিশনার আলোক কুমার এই বিষয়ে জানান ।

সেই অনুসারে প্রথম পর্যায়ে আগামী দোসরা মে আপার আসাম এবং বরাক উপত্যকায় ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে ।

দ্বিতীয় পর্যায়ে আগামী সাতই মে লোয়ার আসাম এবং মধ্য আসামে পঞ্চায়েত নির্বাচনের ভোটগ্রহণ হবে । ভোটগ্রহণের জন্য সমগ্র রাজ্যে ২৫ হাজার সাতটি ভোটকেন্দ্র স্থাপন করা হবে । এক কোটি আশি লক্ষ ৩৬ হাজার ৬৮২ জন ভোটদাতা এই নির্বাচনে ভোটাধিকার প্রয়োগ করবেন । নির্বাচনের জন্য একলক্ষ কুড়ি হাজার কর্মচারী নিয়োগ করা হবে । তবে ষষ্ঠ তপশিলের অর্ন্তভুক্ত এলাকায় এই নির্বাচন হবে না । পঞ্চায়েত নির্বাচনের দিনক্ষণ ঘোষণার সঙ্গে সঙ্গেই সমগ্র রাজ্যে নির্বাচনী আদর্শ আচরণবিধি বলবৎ হয়ে গেছে । এদিকে আঞ্চলিক পঞ্চায়েতের পদের জন্য প্রার্থীদের নির্বাচনী ব্যয় সর্বাধিক আড়াই লক্ষ টাকা, গ্রাম পঞ্চায়েতে প্রতিদ্বন্দিতাকারী প্রার্থীদের জন্য ২৫ হাজার টাকা এবং জেলা পরিষদের জন্য দশ লক্ষ টাকা নির্বাচনী ব্যয় ধার্য করা হয়েছে বলে রাজ্য নির্বাচন কমিশনার সাংবাদিকদের জানিয়েছেন । এই নির্বাচনে ই ভি এম'এর পরিবর্তে ব্যালট পেপার ব্যবহার করা হবে বলে তিনি জানান । শ্রী কুমার বলেন-

বাইট

-----------

---------------------------------------------------------------------------------------

এদিকে কাছাড় জেলায় আসন্ন পঞ্চায়েত নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে জেলা আয়ুক্ত বেশকিছু নির্দেশ জারী করেছেন । সে অনুসারে কাছাড় জেলার সব সরকারী বিভাগের কার্যালয় প্রধানদের নির্বাচনী প্রক্রিয়া শেষ না হওয়া পর্যন্ত ছুটির দিনেও তাদের কার্যালয় খোলা রাখার নির্দেশ দেওয়া হয়েছে । এছাড়াও জেলার আধিকারিক ও কর্মচারীদের জেলা আয়ুক্তের অনুমতি ছাড়া তাদের সদর দপ্তর ত্যাগ না করার নির্দেশ দেওয়া হয়েছে । সম্পূর্ণ নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন না হওয়া পর্যন্ত এই নিষেধাজ্ঞা বলবৎ থাকবে ।

---------------------------------------------------------------------------------------

এদিকে হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে আজ প্রতিটি রাজনৈতিক দলের সঙ্গে পঞ্চায়েত নির্বাচনের ভোটগ্রহণ কেন্দ্র সম্পর্কে এক আলোচনা অনুষ্ঠিত হয় । সভায় প্রতিটি ভোট কেন্দ্রের অবস্থান ও ভোটার সংখ্যা সম্পর্কে রাজনৈতিক দলগুলিকে অবগত করানো হয় । সভায় রাইজর দল ,বিজেপি , এ আই ইউ ডি এফ ,কংগ্রেস সহ অন্যান্য দলের প্রতিনিধি ও জেলা সভাপতিরা অংশগ্রহণ করেন ।

সভার শেষে কাটলিছরার বিধায়ক তথা এ আই ইউ ডি এফ দলের উপ-সভাপতি সুজাম উদ্দিন লস্কর জানান -----

বাইট

---

ওয়াকফ্ সংশোধনী বিল-২০২৫ লোকসভায় বিবেচনা এবং গ্রহণের জন্য উত্থাপন করা হয়েছে । কেন্দ্রীয় সংখ্যালঘু পরিক্রমা দপ্তরের মন্ত্রী কিরেন রিজিজু আজ বিলটি উত্থাপন করে বলেন যে- মুসলমানদের ধর্মীয় বিশ্বাসের সঙ্গে এই বিলের কোনো সম্পর্ক নেই । তা ওয়াকফ্ পর্ষদের সম্পত্তির সঙ্গে জড়িত । তিনি বলেন যে- সরকার ওয়াকফ্ পর্ষদ সমূহকে সর্বাত্মক এবং ধর্মনিরপেক্ষ করে তোলার প্রচেষ্টা গ্রহণ করেছে । এই বিলের মাধ্যমে মসজিদ পরিচালনা করার কোনো প্রয়াস করা হয়নি বলে তিনি স্পষ্ট করে দেন । শ্রী রিজিজু বলেন- বর্তমান বিল অনুসারে ওয়াকফ্ পর্ষদে মুসলমানদের বিভিন্ন পন্থী, মহিলা এবং অমুসলিম সম্প্রদায়ের প্রতিনিধি থাকবেন । বিরোধী পক্ষ বিলটি নিয়ে জনসাধারণকে ভুল পথে পরিচালিত করছে বলে শ্রী রিজিজু অভিযোগ করেছেন । তিনি বলেন যে- ২০১৩ সালে ইউ পি এ সরকারের শাসনকালে ওয়াকফ্ আইনে সংশোধন করা হয়েছিল । এবং এই সংশোধনীর ফলে অন্যান্য আইনে এর ব্যাপক প্রভাব পড়ে । কংগ্রেসের শাসনকালে দিল্লির প্রথমসারির স্থানগুলিতে মোট ১২৩টি সম্পত্তি দিল্লি ওয়াকফ্ পর্ষদের কাছে হস্তান্তর করা হয়েছিল বলে তিনি উল্লেখ করেন । শ্রী রিজিজু বলেন যে- যৌথ সংসদীয় কমিটি এবং কেন্দ্রীয় সরকার এই বিলটি প্রস্তুত করার সময়ে সংশ্লিষ্ট পক্ষসমূহের সঙ্গে বিস্তারিত আলাপ আলোচনা করেছিল ।

এদিকে সংসদীয় পরিক্রমা মন্ত্রী কিরেণ রিজিজু ওয়াকফ্ সংশোধনী বিলটি রাষ্ট্রের স্বার্থের অনুকূল বলে অভিহিত করেছেন। নতুনদিল্লিতে আজ সাংবাদিকদের সঙ্গে কথাপ্রসঙ্গে তিনি বলেন যে- মুসলমান সম্প্রদায়ের কোটি কোটি মানুষই শুধু নন, বরং সমগ্র রাষ্ট্র বিলটির প্রতি সমর্থন জানিয়েছে । এই বিলের বিরোধিতা করা লোকজনের সমালোচনা করে শ্রী রিজিজু বলেন যে- তারা একমাত্র রাজনৈতিক কারণেই এসব করছেন । এই বিল নিয়ে সরকার ও বিরোধী দলের নেতারা নিজ নিজ মতামত ব্যক্ত করেছেন ।

---

খেল মহারণের দ্বিতীয় পর্যায়ের রাজ্য স্তরের প্রতিযোগিতা আজ থেকে গুয়াহাটিতে আরম্ভ হয়েছে । সরুসজাই ক্রীড়া প্রকল্পে আজ রাতে আয়োজিত এক অনুষ্ঠানে

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা এই প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করছেন । রাজ্য সরকারের ক্রীড়া ও যুবকল্যাণ বিভাগের উদ্যোগে জেলা পর্যায়ে অনুষ্ঠিত খেলাগুলিতে শ্রেষ্ঠ খেলোয়াড় হিসেবে নির্বাচিত খেলোয়াড়রাই রাজ্যস্তরে প্রতিযোগিতার একাধিক শাখায় অংশগ্রহণ করবে । সরুসজাই ক্রীড়া প্রকল্প, নেহরু স্টেডিয়াম, ভারতীয় ক্রীড়া কর্তৃপক্ষ প্রাঙ্গণে এবং সোনাপুরের এল এন ই পি'তে এই প্রতিযোগিতা সমূহ অনুষ্ঠিত হবে । মোট সাত হাজার ৯৮ জন খেলোয়াড় এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করছে । আগামী ছয়ই এপ্রিল এই প্রতিযোগিতা শেষ হচ্ছে । এতে অংশগ্রহণকারীরা dsywassam.com/khel এ লগ ইন করে তাদের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে নিজেদের অংশগ্রহণের প্রমাণপত্র ডাউনলোড করতে পারবে ।

---------------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে আজ আরোহন প্রকল্পের অধীনে জেলার ৫৬ জন শিক্ষার্থীদের মধ্যে টেবলেট বিতরণ করা হয়েছে । হাইলাকান্দির জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে  জেলা আয়ুক্ত এন এইচ গৌতম এবং অতিরিক্ত জেলা আয়ুক্ত ( শিক্ষা বিভাগ ) ত্রিদিব রায় সহ শিক্ষা বিভাগের শীর্ষ আধিকারিকরা উপস্থিত ছিলেন ।
উল্লেখ্য অষ্টম শ্রেণী থেকে নবম শ্রেণীতে প্রথম স্থান লাভ করে উত্তীর্ণ হওয়া ছাত্র ছাত্রীদের উপহারস্বরূপ এই টেবলেট প্রদান করা হয়েছে ।

এ সম্পর্কে হাইলাকান্দির জেলা আয়ুক্ত এন এইচ গৌতম আমাদের সংবাদদাতাকে জানান ------

বাইট

এবারে শিক্ষার্থীদের প্রতিক্রিয়া----

বাইট

---------------------------------------------------------------------------------------------

মণিপুরী সাহিত্য পরিষদ আসামের ৬২ তম বার্ষিক সম্মেলন আগামী শুক্রবার থেকে ৬ এপ্রিল লক্ষীপুরে অনুষ্ঠিত হবে । তিনদিনের এই সম্মেলনে রাজ্যের শিক্ষা মন্ত্রী ডা:রণোজ পেগু ও বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই উপস্থিত

থাকবেন । এ বিষয়ে মণিপুরী সাহিত্য পরিষদ আসামের অভ্যর্থনা কমিটির আহ্বায়ক পি রাজবিহারী সিংহ আমাদের সংবাদদাতাকে জানান----

বাইট

---------------------------------------------------------------------------------------

শিলচর জেলা ক্রীড়া সংস্থা আয়োজিত তৃতীয় ডিভিশন ক্রিকেট প্রতিযোগীতার আজ প্রথম খেলায়  শিলচর ভেটারেন ক্রিকেট ক্লাব ৫১ রানে বিজয়ী হয়েছে । স্থানীয় জেলা ক্রীড়া সংস্থার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আজকের খেলায় শিলচর ভেটারেন ক্লাব টসে জিতে ১৬ ওভারে  ১০ উইকেট হারিয়ে ১৩৮ রান সংগ্রহ করে । জবাবে ব্যাট করতে নেমে কৃষ্টি বিবেক সাংস্কৃতিক সংস্থা ১৩ ওভারে সব উইকেট হারিয়ে ১১৯ রান তুলতে সক্ষম হয় ।

অন্য দিকে আজকের দ্বিতীয় খেলায় মুন লাইট ক্লাব স্পোর্টিং স্পিরিট ইউথ ক্লাবের মুখোমুখি হয় । টসে জিতে মুন লাইট ক্লাব ১৮ ওভারে সব উইকেট হারিয়ে ১১৯ রান তুলতে সক্ষম হয় । জবাবে ব্যাট করতে নেমে স্পোর্টিং স্পিরিট ইউথ ক্লাব ১২ ওভার ৪ বলে সব উইকেট হারিয়ে ৫৫ রান তুলতে সক্ষম হয় । ফলে দ্বিতীয় খেলায় মুন লাইট ক্লাব ৬৪ রানে বিজয়ী হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

দ্বিতীয় পুলিন দাস ট্রফি অনুর্ধ-১৪ আন্ত:জেলা ক্রিকেট প্রতিযোগীতার দক্ষিন আসাম জোনের বি গ্রুপের আজকের খেলায় হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থা ২ উইকেটে বিজয়ী হয়েছে । শিলচর সতীন্দ্র মোহন দেব স্টেডিয়ামের মাঠে আয়োজিত প্রতিযোগীতার আজকের খেলায় শ্রীভূমি জেলা ক্রীড়া সংস্থা টসে জিতে প্রথমে ব্যাট করে ২৪ ওভার ৫ বলে ১০ উইকেট হারিয়ে ৮৪ রান সংগ্রহ করে । জবাবে ব্যাট করতে নেমে হাইলাকান্দি দল ৩৭ ওভার এক বল খেলে ৮ উইকেট হারিয়ে  ৮৮ রান তুলে জয়ের লক্ষ্যে পৌছে যায় । প্রতিযোগীতার আগামীকালের খেলায় হাইলাকান্দি দল খেলবে শিলচর দলের বিরুদ্ধে ।

---------------------------------------------------------------------------------------